

বাংলাদেশ কোড

ভলিউম-৩৪

নির্দিষ্টকরণ আইন, ২০০১

২০০১ সনের ৩১ নং আইন

[৩০ জুন, ২০০১]

২০০২ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ-বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের জন্য প্রণীত আইন।

যেহেতু ২০০২ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ-বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

১। (১) এই আইন নির্দিষ্টকরণ আইন, ২০০১ নামে অভিহিত হইবে।

সংক্ষিপ্ত শিরোনামা ও
প্রবর্তন

(২) ইহা ১লা জুলাই, ২০০১ইং তারিখে কার্যকর হইবে।

২। ২০০২ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ বছরে যে সকল ব্যয় হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলের কলাম ২-এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫-এ উলিখিত ছাপ্পান্ন হাজার ছয়শত সাত কোটি বায়ান্ন লক্ষ বিশ হাজার টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।

২০০১-২০০২ অর্থ-
বৎসরের জন্য সংযুক্ত
তহবিল হইতে
৫৬৬০৭,৫২,২০,০০০
টাকা উত্তোলন

৩। এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০০২ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ-বৎসরে তফসিলের কলাম ২-এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫-এ উলিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।

নির্দিষ্টকরণ